যুগান্তর

18 MAR 2008

# পার্বত্যাঞ্চলে শিক্ষাক্ষেত্রে বিদ্যমান নীতিমালার পরিবর্তন আনতে হবে

## — রাজা দেবাশীষ রায়

রাঙ্গামাটি প্রতিনিধি

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী চাকমা সার্কেল প্রধান রাজা ব্যারিস্টার দেবাশীষ রায় বলেছেন, তিনি বাস্তব অবস্থা বিবেচনা করে যাতে সহজ উপায়ে পার্বত্য চট্টগ্রামের শিক্ষা কার্যক্রম গতিশীল করা যায় তার প্রয়োজনীয় উদ্যোগ নেবেন। তিনি বলেন, 'এজন্য পার্বত্যাঞ্চলের শিক্ষাক্ষেত্রে বিদ্যমান সরকারি নীতিমালা শিথিল করে তার পরিবর্তন আনতে হবে।' এ ব্যাপারে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় থেকে শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে আলাপ করে কার্যকর ব্যবস্থা নেয়া হবে। সোমবার রাঙ্গামাটি রানী দয়াময়ী উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী এবং এসএসসি পরীক্ষার্থী-০৮ বিদায় অনুষ্ঠানে রাজা দেবাশীষ প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সকাল ১০টায় বিদ্যালয় মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রশাসনের ডেপুটি কমিশনার মোঃ নুরুল আমিন। এছাড়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রকাশ কান্তি চৌধুরী, জেলা শিক্ষা অফিসার মোঃ নুরুল মোস্তফা চৌধুরী ও বিশিষ্ট শিক্ষানুরাগী কুমার নন্দিত রায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক রণতোষ মল্লিক।